"শেখ হাসিনার উদ্যোগ
ঘরে ঘরে বিদ্যুৎ"

# বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড

**Bangladesh Power Development Board**

কর্মচারী পরিদপ্তর
ওয়াপদা ভবন, মতিঝিল, ঢাকা
ফোন ঃ ৯৫৫৩১০১

স্মারক নং-২৭.১১.০০০০.২১০.৮৩.০০২.১৭-৪৯ তারিখ ঃ ২৯-০৩-২০১৮ইং

## দপ্তরাদেশ

নিম্নবর্ণিত প্রার্থীগণকে বিধি মোতাবেক প্রচলিত অন্যান্য ভাতাদিসহ জাতীয় বেতন স্কেল'২০১৫ এর ১০ম গ্রেডে টাকা ১৬,০০০-৩৮,৬৪০/- বেতনস্কেলে এই আদেশে বর্ণিত শর্তে বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডে মুক্তিযোদ্ধা কোটায় **হিসাবরক্ষক** পদে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে নিয়োগ প্রদানপূর্বক তাঁহাদের নামের পার্শ্বে উল্লিখিত দপ্তরে পদস্থ করা হইলঃ-

| ক্রঃ নং | নাম, পিতার নাম ও বর্তমান ঠিকানা | স্থায়ী ঠিকানা | পদস্থিত দপ্তর |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| ১. | জনাব সাকিনা আক্তার<br>পিতা-মোঃ গিয়াস উদ্দিন<br>২০৩, সূচনা ভবন, মুগদা পিডিবি অফিসার্স কোয়াটার, ঢাকা। | সাং-২৪৮/১, ভাগদী মাটির পাড়া<br>পোঃ+থানা+জেলা-নরসিংদী | মহাব্যবস্থাপক<br>বাণিজ্যিক পরিচালন এর দপ্তর<br>বিউবো, ঢাকা। |
| ২. | জনাব রুবেল মোল্যা<br>পিতা-দুলাল মোল্যা<br>গ্রাম-সুয়াদী, ডাকঘর-সুলিনা বাজার, থানা-ভাংগা, জেলা- ফরিদপুর। | গ্রাম-সুয়াদী, ডাকঘর-সুলিনা বাজার, থানা-ভাংগা<br>জেলা- ফরিদপুর। | আহিদ, ঘোড়াশাল বিদ্যুৎ কেন্দ্র<br>বিউবো, পলাশ, নরসিংদী। |
| ৩. | জনাব মোঃ রিয়াজ খান<br>পিতা- মোঃ সোহরাব হোসেন খান<br>গ্রাম-উদয়তারা বুড়িরচর,<br>ডাকঘর-সাফা বন্দর, থানা-মঠবাড়িয়া,<br>জেলা-পিরোজপুর। | গ্রাম-উদয়তারা বুড়িরচর<br>ডাকঘর-সাফা বন্দর<br>থানা-মঠবাড়িয়া<br>জেলা-পিরোজপুর। | আহিদ, চট্টগ্রাম বিদ্যুৎ সরবরাহ<br>বিউবো, আগ্রাবাদ, চট্টগ্রাম। |
| ৪. | জনাব এইচ, এম, মাহমুদুল হাসান<br>পিতা- মোঃ আজিজুর রহমান<br>বাড়ী#ইএক্স ১১, রোড#২৮, নিরালা আ/এ,<br>ডাকঘর-খুলনা সিটি-৯১০০, থানা-খুলনা সদর, জেলা-খুলনা। | গ্রাম-জানখালী<br>ডাকঘর-তুষখালী<br>থানা-মঠবাড়িয়া<br>জেলা-পিরোজপুর | অতিরিক্ত পরিচালক<br>বাণিজ্যিক পরিচালন এর দপ্তর<br>বিউবো, আগ্রাবাদ, চট্টগ্রাম। |
| ৫. | জনাব ছোবান মিয়া<br>পিতা-আবুল বাশার মিয়া<br>কোয়াক, ১৫৩ রনী হাউজ,<br>মতিঝিল, ঢাকা। | গ্রাম-বনমালীপুর,<br>ডাকঘর-বনমালীপুর<br>থানা-বোয়ালমারী<br>জেলা- ফরিদপুর | নিয়ন্ত্রক (হিসাব ও অর্থ) এর দপ্তর<br>বিউবো, ঢাকা। |
| ৬. | জনাব গাজী মোঃ এনায়েত উল্লাহ<br>পিতা-গাজী মোঃ নুরুল ইসলাম<br>শাহস্বপ্ননীড় (৩য় তলা), ৮৩০/বি১, আব্দুল্লাহ খান রোড, শুলকবহর, ডাকঘর-চকবাজার<br>থানা-পাঁচলাইশ, জেলা-চট্টগ্রাম। | গ্রাম-ইছাগাজীবাড়ী, এনায়েপুর,<br>ডাকঘর-এনায়েতপুর(৪৩৩৩)<br>থানা-হাটহাজারী<br>জেলা-চট্টগ্রাম | শিকলবাহা ২২৫মেঃওঃ<br>কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্র<br>বিউবো, শিকলবাহা, চট্টগ্রাম। |
| ৭. | জনাব মোঃ সরফরাজ আলম<br>পিতা- মোঃ রফিকুল আলম<br>গ্রাম-০৭, কুতুব উদ্দিন রোড, কালিশংকরপুর,<br>ডাকঘর-কুষ্টিয়া, থানা-কুষ্টিয়া, জেলা-কুষ্টিয়া। | গ্রাম-০৭, কুতুব উদ্দিন রোড<br>কালিশংকরপুর<br>ডাকঘর-কুষ্টিয়া, থানা-কুষ্টিয়া<br>জেলা-কুষ্টিয়া। | আহিদ, বড়পুকুরিয়া কয়লা ভিত্তিক তাপ বিদ্যুৎ কেন্দ্র<br>বিউবো, দিনাজপুর। |

চলমান-২/

নিয়োগের শর্তাবলী ঃ

১। জাতীয় বেতন স্কেল'২০১৫ইং,স্ব-শাসিত (Public Bodies) এবং রাষ্ট্রায়ত্ত প্রতিষ্ঠানসমূহ, আদেশের ১১ অনুচ্ছেদের বিধান মোতাবেক তাঁহাদের বেতন ও ভাতাদি প্রদেয় হইবে।

২। তাঁহারা ২ (দুই) বৎসর প্রবেশনে থাকিবেন। প্রবেশনে থাকাকালীন সময়ের সন্তোষজনক চাকুরী, নির্ধারিত বুনিয়াদি প্রশিক্ষণ গ্রহণ এবং পুলিশ কর্তৃক চরিত্র ও প্রাক পরিচয় এর সন্তোষজনক রিপোর্টের ভিত্তিতে হিসাবরক্ষকের নিয়মিত শূন্য পদে পরবর্তীতে বোর্ডের চাকুরীতে স্থায়ীকরণ (কনফার্ম) করা হইবে। প্রবেশনারকাল শেষে কোন আদেশ জারী না হইলে প্রবেশনারকাল বর্ধিত করা হইয়াছে বলিয়া গণ্য হইবে। তাঁহারা চাকুরীতে স্থায়ী না হওয়া পর্যন্ত কোন বার্ষিক বেতন বৃদ্ধি প্রাপ্য হইবেন না।

৩। তাঁহাদের পুলিশ ভেরিফিকেশন রিপোর্ট, প্রকৃত মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের সন্তান/মুক্তিযোদ্ধার সন্তানের সন্তান সম্পর্কিত তথ্যে এবং সার্টিফিকেটের তথ্যে অমিল/ভুল/অসত্য পরিলক্ষিত হইলে তাৎক্ষণিকভাবে তাঁহাদের নিয়োগ আদেশ বাতিল করা হইবে। [পুলিশ প্রত্যয়ন বিবরণী ফরম বিউবো'র ওয়েব সাইটে (www.bpdb.gov.bd) পাওয়া যাইবে]

৪। প্রবেশনার হিসাবে থাকাকালীন তাঁহাদের কর্মদক্ষতা নির্ধারিত মানের নিম্ন বলিয়া বিবেচিত হইলে কিংবা তাঁহারা অফিস শৃংখলার পরিপন্থী কোন কাজে লিপ্ত হইলে বা সন্তোষজনক পুলিশী প্রতিবেদন না পাওয়া গেলে কোন পূর্ব নোটিশ ব্যতিরেকেই তাঁহাদেরকে চাকুরী হইতে অপসারণ করা হইবে।

৫। তাঁহাদেরকে বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের যে কোন স্থানে বদলী করা যাইবে এবং তাঁহারা বিদ্যুৎ কেন্দ্রসহ বোর্ডের যে কোন দপ্তরে চাকুরী করিতে বাধ্য থাকিবেন।

৬। বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড (কর্মচারী) চাকুরী বিধিমালা ১৯৮২ কিংবা ইহার পরবর্তী সংশোধনী অনুযায়ী তাঁহাদের চাকুরী নিয়ন্ত্রিত হইবে।

৭। নিয়োগের তারিখে কাহারো বয়স ৩২(বত্রিশ) বৎসর অতিক্রম করিলে অতিরিক্ত বয়স প্রমার্জিত মর্মে গণ্য হইবে।

৮। এই আদেশ জারীর ২১(একুশ) দিনের (১৯/০৪/২০১৮ইং) মধ্যে তাঁহাদেরকে স্ব-স্ব পদস্থিত দপ্তরে যোগদান করিতে হইবে এবং এই নির্দিষ্ট সময়সীমার মধ্যে কেহ কাজে যোগদানে ব্যর্থ হইলে তাঁহাদের নিয়োগ বাতিল বলিয়া গণ্য হইবে।

৯। পরবর্তীতে বোর্ডের প্রশিক্ষণ ও পেশা উন্নয়ন পরিদপ্তর, বিউবো, ঢাকা তাঁহাদের Induction Training এর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিবে।

১০। সংশ্লিষ্ট দপ্তর প্রধান/নিয়ন্ত্রণকারী কর্মকর্তাগণ এই আদেশে বর্ণিত প্রার্থীদের যোগদানপত্র গ্রহণ করতঃ যোগদানপত্রের সহিত প্রার্থী কর্তৃক দাখিলকৃত পুলিশ প্রত্যয়ন বিবরণী ফরম,জীবন বৃত্তান্ত ফরমসহ আনুষঙ্গিক কাগজপত্র আগামী **১৭/০৫/২০১৮ইং** তারিখের মধ্যে পরবর্তী কার্যক্রমের জন্য কর্মচারী পরিদপ্তরে প্রেরণ করিবেন।

১১। পদস্থিত দপ্তরে যোগদানের জন্য তাঁহাদেরকে কোন প্রকার দৈনিক/ভ্রমণ ভাতা দেওয়া হইবে না।

১২। নিম্নলিখিত কাগজপত্রাদি যোগদানপত্রের সহিত দাখিল করিতে হইবে; অন্যথায় তাঁহাদের যোগদানপত্র গ্রহণ করা হইবে না ঃ-

(ক) বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের চীফ মেডিক্যাল অফিসার/সিনিয়র মেডিক্যাল অফিসার/মেডিক্যাল অফিসার অথবা বোর্ড কর্তৃক অনুমোদিত কোন সরকারী মেডিক্যাল অফিসার কর্তৃক স্বাস্থ্যগত সনদপত্র;

(খ) বোর্ডের নির্ধারিত ছকে জীবন বৃত্তান্ত [উক্ত ছক বিউবো'র ওয়েব সাইটে(www.bpdb.gov.bd) পাওয়া যাইবে];

(গ) শিক্ষাগত যোগ্যতা, মুক্তিযোদ্ধার সংশ্লিষ্ট সনদের সত্যায়িত অনুলিপি;

(ঘ) পুলিশি তদন্তের জন্য নির্ধারিত পুলিশ প্রত্যায়ন বিবরনী ফরম যথাযথভাবে পূরণ করিয়া উহার সহিত সকল শিক্ষাগত যোগ্যতার সনদ সর্বশেষ শিক্ষা প্রতিষ্ঠানের প্রশংসাপত্র ও প্রার্থী কোন এলাকার স্থায়ী বাসিন্দা সেই সম্পর্কে নিজ এলাকার ইউনিয়ন পরিষদ/পৌরসভার চেয়ারম্যানের প্রত্যয়নপত্রের সত্যায়িত অনুলিপি সংযুক্ত করিতে হইবে;

(ঙ) বর্তমানে কোন দপ্তর বা সংস্থায় কর্মরত থাকিলে সেই দপ্তর বা সংস্থা হইতে অব্যাহতিপত্র;

(চ) উল্লেখিত শর্তে চাকুরী করিতে সম্মত থাকিলে অঙ্গীকারনামার (এই নিয়োগপত্রের ১কপি) যথাস্থানে স্বাক্ষর করিয়া যোগদানপত্রের সহিত দাখিল করিতে হইবে।

চলমান-৩/-

| |
|---|
| উল্লিখিত শর্তে সম্মত হইয়া আমি ............................................... পিতাঃ................................................ বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডে অস্থায়ী ভিত্তিতে **হিসাবরক্ষক** পদে অদ্য .........................ইং তারিখে যোগদান করিলাম। |
| স্বাক্ষর............................. |

| |
|---|
| ২৭/০৩/২০১৮ইং তারিখে অনুষ্ঠিত ১৭৫১-তম সাধারণ বোর্ড সভার সিদ্ধান্তক্রমে। |

বোর্ডের আদেশক্রমে,

২৯.৩.১৮

(মোহাম্মদ মনোয়ার হোসেন)
আইডি নং-০২-০১২৫
উপ-পরিচালক-২(কর্ম)
বিউবো, ঢাকা

স্মারক নং-২৭.১১.০০০০.২১০.৮৩.০০২.১৭-৪৯ তারিখ ঃ ২৯-০৩-২০১৮ইং

সদয় অবগতি ও পরবর্তী ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল ঃ-

০১। প্রধান প্রকৌশলী/মহাব্যবস্থাপক(বাণিজ্যিক পরিচালন)/প্রশিক্ষণ/প্রকল্প পরিচালক (প্রঃপ্রঃ)/প্রকল্প সমন্বয়কারী (প্রঃপ্রঃ)/ অতিরিক্ত প্রধান প্রকৌশলী/প্রকল্প পরিচালক (অঃপ্রঃপ্রঃ) ...............................................বিউবো................ ।
০২। নিয়ন্ত্রক, হিসাব ও অর্থ, বিউবো, ঢাকা।
০৩। প্রধান চিকিৎসা কর্মকর্তা,বিউবো, ঢাকা।
০৪। সচিব, বিউবো, ঢাকা।
০৫। সি এস ও টু চেয়ারম্যান, বিউবো, ঢাকা।
০৬। পরিচালক,হিসাব/অর্থ/অডিট/বাণিজ্যিক পরিচালন/সংগঠন ও পদ্ধতি/শ্রম ও কল্যাণ/সম্পত্তি ও যানবাহন/তদন্ত ও শৃংখলা /জন-সংযোগ/নিরাপত্তা ও অনুসন্ধান/প্রশিক্ষণ ও পেশা উন্নয়ন পরিদপ্তর, বিউবো, ঢাকা।
০৭। তত্ত্বাবধায়ক প্রকৌশলী/প্রকল্প পরিচালক(তঃপ্রঃ)/ ব্যবস্থাপক(তঃপ্রঃ)/পরিচালক(তঃপ্রঃ), বিউবো, ............
০৮। সিনিয়র সিস্টেম এনালিষ্ট,ঢাকা কম্পিউটার সেন্টার,বিউবো,ঢাকা**(এই নিয়োগাদেশটি বিউবো'র ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হইল)**।
০৯। উপ-সচিব, প্রশাসন/অর্থ/পিএন্ডডি/উৎপাদন/বিতরণ/কোম্পানী এ্যাফেয়ার্স/বোর্ড, বিউবো, ঢাকা।
১০। নির্বাহী প্রকৌশলী, বিউবো,...........................................................................................
১১। উপ-পরিচালক-১/৩/৪, কর্মচারী পরিদপ্তর/ট্রাষ্টি বোর্ড, বিউবো, ঢাকা।
১২। উপ-পরিচালক (হিসাব), আঞ্চলিক হিসাব দপ্তর, বিউবো, ........................................................
১৩। সহকারী পরিচালক-৯/১২, কর্মচারী পরিদপ্তর, বিউবো, ঢাকা।
১৪। জনাব ...................................................................................................

২৯.৩.১৮

(মোঃ মাজহারুল হোসেন)
পরিচিতি নং-০২-০২৭৮
সহকারী পরিচালক-১১(কর্ম)
বিউবো, ঢাকা